যুগান্তর

17 APR 2017

# পঞ্চগড়ে অধ্যক্ষের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

পঞ্চগড় প্রতিনিধি

ভবন সংস্কারের সরকারি বরাদ্দের টাকা দিয়ে ক্লাসরুমের মাঝে পার্টিশন ওয়াল দিয়ে তৈরি করা হয়েছে তিনটি কক্ষ। এর মধ্যে বেডরুম, ডাইনিং রুম, গেস্ট ও কিচেনসহ সংযুক্ত করেছেন দুটি বাথরুম। আর এভাবেই প্রতিষ্ঠানের একাডেমিক ভবনের মূল নকশার ডিজাইন ভেঙে নিজের জন্য বাসভবন বানিয়েছেন পঞ্চগড় টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ড. সৈয়দ আবদুল আজিজ। শুধু তাই নয়, বিগত কয়েক বছর ধরে এ প্রতিষ্ঠানের কম্পিউটারসহ বিভিন্ন যন্ত্রপাতি কেনাকাটায় লাখ লাখ টাকা লুটপাটের অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। এদিকে প্রতিষ্ঠানটিতে শিক্ষার্থীদের শ্রেণীকক্ষের সংকট থাকলেও অধ্যক্ষ তার নিজের ক্ষমতায় তৈরি করা বাসভবনে সরকারি কোষাগারে কোনো ধরনের বাড়ি ভাড়া না দিয়েই বাস করছেন দীর্ঘ ৭ বছর ধরে। ২০১০ সালের মার্চ মাস থেকে ২০১৭ সালের মার্চ পর্যন্ত সরকারি ক্যাম্পাসে বসবাস করেও তিনি মূল বেতনের ৩০ শতাংশ বাড়ি ভাড়ার মোট ৯ লাখ ২৪ হাজার ৩০০ টাকা অবৈধভাবে উত্তোলন করেছেন বলে জানা গেছে।

সরেজমিন গিয়ে দেখা যায়, পঞ্চগড় শহর থেকে তিন কিলোমিটার আগে তালমা নদীর তীরে বেশ মনোরম পরিবেশে গড়ে উঠেছে পঞ্চগড় টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ। ১৯৯৯ সালে স্থাপিত এ শিক্ষা প্রতিষ্ঠানটির চারদিকে সুনশান নীরবতা, সুন্দর পরিপাটি আর মনোমুগ্ধকর পরিবেশ। কিন্তু বাইরে থেকে যতটা সুন্দর তার ঠিক উল্টোটার দেখা মিলল প্রতিষ্ঠানের ভেতরে। মূল প্রশাসনিক ভবনের ঠিক পেছনে একাডেমিক ভবনটি যেতে না যেতেই চোখে পড়ে চারদিকে পর্দা মোড়ানো ছোট্ট একটি বাসভবন। খোঁজ নিয়ে জানা যায়, এক সময় সুরভি ভবন নামের এ ভবনটি শিক্ষার্থীদের ড্রয়িং ল্যাব হিসেবে প্রতিষ্ঠিত হলেও বেশ কয়েক বছর আগে প্রতিষ্ঠানে অধ্যক্ষ সংস্কারের বরাদ্দ দিয়ে নিজের জন্য তিন কক্ষবিশিষ্ট একটি মিনি বাসভবন তৈরি করেছেন। অধ্যক্ষ ড. সৈয়দ আবদুল আজিজের সঙ্গে কথা বললে তিনি দীর্ঘদিন আবাসিক সুবিধা নেয়ার বিষয়টি এড়িয়ে গিয়ে বলেন, 'এই প্রতিষ্ঠানে আবাসিক কোনো ব্যবস্থা নেই তবে অত্যাবশ্যকীয় কর্মচারীদের থাকার জন্য বা প্রশিক্ষণের জন্য ঢাকা থেকে আসা অতিথিদের জন্য সীমিত আকারে অস্থায়ী ভিত্তিতে তিনটি কক্ষ আমরা তৈরি করেছি, এটাকে পূর্ণাঙ্গ গেস্ট হাউসও বলা যাবে না বলে তিনি উল্লেখ করেন।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর